# Inclusive & Interdependent Language Initiative

# অন্তর্ভুক্তিমূলক এবং পরস্পরনির্ভর ভাষা বিষয়ক উদ্যোগ

# এটা বলুন, সেটা নয়!

## যখন আমরা IEP-যুক্ত শিক্ষার্থী এবং তারা যেসব প্রোগ্রাম এবং পরিষেবা পায় - সেসব নিয়ে কথা বলি তখন আমরা যে ভাষা ব্যবহার করি সেই ভাষার একটি পুরো সিস্টেম স্তরের গাইড।

যেসব শিক্ষার্থীকে আমরা পরিষেবা প্রদান করি তাদেরকে উদযাপন করে এবং সঠিকভাবে বিবরণ দেয় এমন ভাষায় আমাদের প্রোথিত করতে একটি সিস্টেম-স্তরের রিসোর্স (সহায়-সংস্থান) প্রদানের মাধ্যমে সমতা, পরস্পর-নির্ভরতা, এবং একাত্মতার অনুভূতি অগ্রসর করতে নিচের শব্দকোষ তৈরি করা হয়েছে। এই শব্দকোষ অনেক স্বার্থসংশ্লিষ্টের ঐকমত্যে তৈরি হবে, এতে অন্তর্ভুক্ত শিক্ষার্থীবৃন্দ, পরিবারবর্গ, ও কমিউনিটির সদস্যগণ, এবং সেগুলি পরিবর্তনশীল সমতার পরিষেবায় যখন প্রয়োজন ও সম্ভব প্রচলিত রীতি এবং নিয়ন্ত্রণকারী ভাষাকে চ্যালেঞ্জ করবে।

আমরা অবগত আছি যে, যদিও, যত বিশদই হোক না কেন কোনো একক নথির (ডক্যুমেন্টের) পক্ষে কোনো সমস্যার উপর প্রতিটি দৃষ্টিভঙ্গী ধারণ করা সম্ভব নয়, সেজন্যে পরিভাষাটি সর্বশেষ সমাধান হিসেবে নয় বরং একটি সুচনাস্থল হিসেবে বিবেচনা করা উচিত। স্বার্থসংশ্লষ্টদের দৃষ্টিভঙ্গি পরিবর্তনের পাশাপাশি এটি সংশোধিত হবে, এবং এটি মনে রাখা অত্যন্ত গুরুত্বপূর্ণ যে ভাষা এবং পরিভাষার উপর চূড়ান্ত সিদ্ধান্ত যে ব্যক্তি ব্যবহার করছেন তার উপর নির্ভর করে, সেজন্যে আমাদের সবসময় ব্যক্তির নিজস্ব পছন্দ বেছে নেয়ার সুযোগ দেয়া উচিত। যখন নিশ্চিত নন কোনো পরিভাষা ব্যবহার করতে হবে - জিজ্ঞাসা করুন! যদি কোনো শব্দ ব্যবহারের ব্যাপারে আপনি স্বাচ্ছন্দ্য বোধ না করেন, অথবা বুঝতে পারেন যে অন্য কেউ সেরকম অনুভব করছেন, তবে একটি ইতবাচক মনোভাব দেখান, তার প্রতি সহানুভূতি প্রদর্শন করুন, এবং আলোচনার সুযোগ করে দিন। আমরা সবাই সর্বদা শিখছি!

*যেসব শব্দ এস্টারিস্ক (*) দ্বারা চিহ্নিত সেগুলি স্পেশাল এডুকেশনের প্রবিধান এবং আইনের ক্ষেত্রে ব্যবহৃত হয় এবং প্রাসঙ্গিক কর্তৃপক্ষের (অনেক সময় স্টেট অথবা ফেডারেল আইন এবং এজেন্সি) অনুমোদন ছাড়া পরিবর্তন করা যায় না। বাছাইকৃত পরিভাষাসমূহের ব্যাখ্যামূলক নোটে বিভিন্ন বিকল্পের ব্যাখ্যা রয়েছে।

যদি আপনি এই শব্দকোষের কোনো সংশোধনের অনুরোধ জানাতে চান, তাহলে অনুগ্রহ করে এই ফর্মটি পূরণ করুন। জমাদানকৃত ফর্মগুলি প্রতি তিন মাস পর পর পর্যালোচনা করা হয়। আপনার কোনো প্রশ্ন থাকলে, আমার সাথে যোগাযোগ করতে দ্বিধা করবেন না!

দায়মুক্তি:

অনুগ্রহ করে লক্ষ্য করবেন: ভিন্ন ভিন্ন ভাষায়/অনুবাদে অগ্রাধিকারপ্রাপ্ত পছন্দ এবং সংজ্ঞা ভিন্ন হতে পারে।

# পরিভাষার বিশদ সারণি

| এটি বলুন | এটি নয় |
|---|---|
| IEP-যুক্ত শিক্ষার্থী *অথবা* প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থী | *স্পেশাল এডুকেশনের শিক্ষার্থী/বিশেষ চাহিদাযুক্ত শিক্ষার্থী বা বিশেষ চাহিদাযুক্ত শিক্ষার্থী* |
| আবেগজনিত প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থী | *ED শিক্ষার্থীবৃন্দ / আবেগজনিত বৈকল্য-যুক্ত শিক্ষার্থী/মানসিক বৈকল্য রয়েছে এমন শিক্ষার্থী* |
| IEP-বিহীন শিক্ষার্থী | *জেনারেল এডুকেশনের শিক্ষার্থী/প্রতিবন্ধী নয় এমন সহপাঠী/সাধারণভাবে বেড়ে-ওঠা সহপাঠী* |
| যেসব শিক্ষার্থী D75 স্পেশাল এডুকেশনের অন্তর্ভুক্তি পরিষেবা লাভ করছে | *অন্তর্ভুক্তি বা ইনক্লুশন শিক্ষার্থীবৃন্দ* |
| স্পেশাল এডুকেশন, অভিগম্য শিক্ষা, বিশেষায়িত শিক্ষা-নির্দেশনা | *SPED* |
| স্পেশাল ক্লাস | *স্বয়ংসম্পূর্ণ ক্লাস* |
| মানসম্পন্ন মূল্যায়নের যোগ্য শিক্ষার্থী *অথবা* বিকল্প মূল্যায়নের যোগ্য শিক্ষার্থী | *মানসম্পন্ন শিক্ষার্থী, বিকল্প মূল্যায়নের শিক্ষার্থী, NYSAA শিক্ষার্থী* |
| হুইল চেয়ার ব্যবহারকারী শিক্ষার্থী | *হুইলচেয়ার-নির্ভর, হুইলচেয়ার আবদ্ধ* |
| বাড়িতে শিক্ষা-নির্দেশনা গ্রহণকারী শিক্ষার্থী | *বাড়ি-ভিত্তিক শিক্ষার্থী* |
| ন্যূনতম অ্যাকাডেমিক সহায়তাসহ শিক্ষার্থী গ্রেড স্তরের বিষয় ব্যবহার করতে পারে কিনা, অথবা শিক্ষার্থী মানসম্পন্ন বা বিকল্প মূল্যায়নে অংশগ্রহণ করছে কিনা তা নিয়ে আলোচনা করে। | *উচ্চ/নিম্ন কার্যক্ষম*<br>*সাধারণভাবে বিকাশ হচ্ছে* |
| অধিক অন্তর্ভুক্তিমূলক বিন্যাস | *LRE* |
| অধিক বিশেষায়িত বিন্যাস | *MRE* |
| স্পেশালাইজড্ এডুকেশন প্রোগ্রামসমূহ *অথবা* প্রোগ্রামসমূহের প্রদান/ব্যবস্থা অথবা IEP-তে সুপারিশকৃত প্রোগ্রামসমূহ | *প্রোগ্রামের পরিষেবাসমূহ* |
| ক্লাসে অথবা ভিন্ন স্থানে<br><br>*একটি বিকল্প হিসেবে:*<br>প্রাইমারি শিক্ষা-নির্দেশনা *অথবা* সম্পূরক শিক্ষা-নির্দেশনার জন্য | *পুশ-ইন/পুল-আউট* |
| অটিস্টিক (আত্মসংবৃত্তি) শিক্ষার্থী, অটিজম্ স্পেকট্রামের (পরিসরের) শিক্ষার্থীবৃন্দ | *অটিজমযুক্ত শিক্ষার্থী, অটিজম্ আক্রান্ত শিক্ষার্থী* |
| বধিরতা বা কানে কম শোনা | *শ্রুতি বৈকল্য* |
| কথাশক্তিহীন | *নন-ভার্বাল* |

# শ্রেণি বিভক্ত শব্দাবলী

## I. নিয়ন্ত্রণকারী

| এটি বলুন | এটি নয় | ব্যাখ্যামূলক দ্রষ্টব্য |
|---|---|---|
| **IEP-যুক্ত শিক্ষার্থীবৃন্দ অথবা প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীবৃন্দ** | *স্পেশাল এডুকেশনের শিক্ষার্থীবৃন্দ/বিশেষ চাহিদাযুক্ত শিক্ষার্থীবৃন্দ বা বিশেষ চাহিদাযুক্ত শিক্ষার্থীবৃন্দ* | "প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীবৃন্দ" একটি বৃহৎ পরিসরের পরিভাষা, যাতে অন্তর্ভুক্ত:<br>IEP-যুক্ত শিক্ষার্থীবৃন্দ<br>504 প্ল্যান-যুক্ত শিক্ষার্থীবৃন্দ<br>এমন শিক্ষার্থীবৃন্দ যাদের সম্ভাব্য কোনো প্রতিবন্ধিতা আছে বলে আমরা "জানি বলে বিবেচিত"<br><br>"IEP-যুক্ত শিক্ষার্থীবৃন্দ" বলতে বিশেষভাবে সেসব শিক্ষার্থীকে বোঝায় যাদের ইন্ডিভিজুয়ালাইজড এডুকেশন প্রোগ্রাম (IEPs) আছে, যা সুনির্দিষ্টভাবে প্রোগ্রাম, পরিষেবা, এবং বিশেষ সুবিধার রূপরেখা প্রদান করে যেগুলো স্কুলগুলোর জন্য প্রদান করা আবশ্যক<br><br>আমরা প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীর ব্যাপারে কথা বলার সময় উচ্চ-স্তরে ব্যক্তি-প্রথম ভাষার ব্যবহার করা বেছে নেই যেন আমরা তাদেরকে অন্য শিক্ষার্থীদের থেকে পৃথক না করি। আমরা সবার সাথে সমান আচরণ করতে চাই এবং প্রতিবন্ধিতার কারণে কেউ ভিন্ন অনুভব করুক তা আমরা চাই না। মনে রাখবেন, প্রতিবন্ধিতা থাকার অর্থ এই নয় যে কোনো ব্যক্তির মাঝে সমস্যা আছে। নির্দিষ্ট প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীদের কথা বলার সময় যাদের জন্য আমরা জানি যে পরিচিতি-প্রথম ভাষা প্রায়শই অগ্রাধিকারপ্রাপ্ত পছন্দ (যেমন, অটিস্টিক শিক্ষার্থীবৃন্দ এবং বধির শিক্ষার্থীবৃন্দ) তাদের জন্য আমরা পরিচিতি-প্রথম ভাষা ব্যবহার করবো। |
| **সর্বাধিক অন্তর্ভুক্তিমূলক পরিবেশ** | *LRE** | এই পরিভাষাটি অন্তর্ভুক্তি উদযাপনের ক্ষেত্রে বিধি-নিষেধের সংঘর্ষের স্বরকে অপসারণ করে। |
| **অধিক বিশেষায়িত বিন্যাস** | *MRE* | আগের পরিভাষাটি মতো, এই পরিভাষাটিও বিধি-নিষেধ থেকে মনোনিবেশ অন্যত্র সরিয়ে এসব বিন্যাসে কী ঘটছে সেদিকে নিয়ে যায়: শিক্ষার্থীরা সাফল্যের জন্য প্রয়োজনীয় বাড়তি সহায়তা লাভ করছে যা কোনো অধিক অন্তর্ভুক্তিমূলক বিন্যাসে কার্যকর নাও হতে পারে। |
| **d/বধিরতা বা কানে কম শোনা** | *শ্রুতি বৈকল্য** | এটি নিয়ন্ত্রণমূলক ভাষার সাথে অসামঞ্জস্যপূর্ণ কিন্তু d/বধিরতা এবং কানে কম শোনা কমিউনিটির মতামতের সাথে সামঞ্জস্যপূর্ণ |

| এটি বলুন | এটি নয় | ব্যাখ্যামূলক দ্রষ্টব্য |
|---|---|---|
| **আবেগজনিত প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থী** | *ED শিক্ষার্থীবৃন্দ / আবেগজনিত বৈকল্য-যুক্ত শিক্ষার্থীবৃন্দ/ মানসিক বৈকল্য রয়েছে এমন শিক্ষার্থীবৃন্দ* | 2022 সালের গ্রীষ্মে (সামারে), আরও প্রায় সাতাশটি অন্য স্টেটের পাশাপাশি, নিউ ইয়র্ক স্টেট, তারা যে “emotional disturbance" (মানসিক বিকল্য) পরিভাষাটি ব্যবহার করতো তা পরিবর্তন করে “emotional disability" (আবেগজনিত প্রতিবন্ধিতা) ব্যবহার করছে। |
| **যেসব শিক্ষার্থী স্ট্যান্ডার্ড বা মানসম্পন্ন মূল্যায়নের যোগ্য অথবা যেসব শিক্ষার্থী বিকল্প মূল্যায়নের যোগ্য** | *প্রমিত বা স্ট্যান্ডার্ড শিক্ষার্থী, বিকল্প মূল্যায়নের শিক্ষার্থী, NYSAA শিক্ষার্থী* | এসব নেতিবাচক পরিভাষা শুনলে মনে হয় মূল্যায়নের ধরনটি পরিচিতির একটি অংশ। |
| **IEP-বিহীন শিক্ষার্থী** | *জেনারেল এডুকেশনের শিক্ষার্থীবৃন্দ*/প্রতিবন্ধী নয় এমন সহপাঠীবৃন্দ*/সাধারণভাবে বেড়ে-ওঠা সহপাঠীবৃন্দ** | 'IEP-বিহীন শিক্ষার্থী' পরিভাষাটি হচ্ছে যেসব শিক্ষার্থী স্পেশাল এডুকেশন পরিষেবা পাচ্ছে না তাদের সম্পর্কে কথা বলার একটি অধিক নিরপেক্ষ উপায়। এটি স্বীকৃতি দেয় যে বেড়ে-ওঠা এবং শিক্ষা লাভে শুধু একটি সুনির্দিষ্ট সঠিক পথ নেই। 'সাধারণভাবে বেড়ে-ওঠা সহপঠীবৃন্দ' এই বাক্যাংশটি কিছু শিক্ষার্থীকে অধিক স্বাভাবিক হিসেবে দেখা হয় বলার একটি উপায়। কিন্তু প্রত্যেকেরই ভিন্ন ভিন্ন শক্তিশালী ও দুর্বল দিক থাকে, এবং ভিন্ন ভিন্ন বিষয়ে সহায়তা প্রয়োজন হয়। এই বাক্যাংশটির ব্যবহার কিছু শিক্ষার্থীকে বাদ পরেছে এবং অন্তর্ভুক্ত নয় এমন অনুভূতি দেয়। এটি তাদের এমন অনুভূতিও দিতে পারে যে, তারা দলের অংশ নয়। এই ধরনের কথা তাদেরকে সামাজিক কর্মকাণ্ড এবং স্কুলের-কাজ থেকে বাদ পরার অনুভূতি দিতে পারে।<br>*যেমন নিচের উদাহরণে, স্পেশাল এডুকেশনের প্রবিধান “জেনারেল এডুকেশন" (সাধারণ শিক্ষা) পরিভাষাটি ব্যবহার করে যা পাঠ্যক্রমের বিবরণ দেয়, যেসব শিক্ষার্থী এই শিক্ষা লাভ করছে তাদের নয়। |
| **বাড়িতে শিক্ষা-নির্দেশনা গ্রহণকারী শিক্ষার্থী** | *বাড়ি-ভিত্তিক শিক্ষার্থীবৃন্দ** | সীমিত অথবা বেঁধে দেয়ার মতো শব্দ, যেমন 'গণ্ডী' (bound) ব্যবহার না করা গুরুত্বপূর্ণ। আজ, জুমের (Zoom) মতো প্রযুক্তির কারণে, যেসব শিক্ষার্থী স্কুলে সশরীরে সবসময় উপস্থিত হতে সক্ষম নয়, তারা সবসময় বাড়িতে বন্দী থাকে না। তারা সশরীরে উপস্থিত হবার জন্য শুধু শারীরিকভাবে ভালো নাও থাকতে পারে।<br><br>*স্পেশাল এডুকেশন প্রবিধানসমূহ বাড়িতে শিক্ষা-নির্দেশনার পাঠ্যক্রমের বিবরণ দিতে “বাড়ি-ভিত্তিক” (homebound) পরিভাষাটি ব্যবহার করে, যেসব শিক্ষার্থী এই শিক্ষা লাভ করছে তাদেরকে নয়। |

# II. প্রোগ্রাম সম্পর্কিত (প্রোগ্রাম্যাটিক)

| এটি বলুন | এটি নয় | ব্যাখ্যামূলক দ্রষ্টব্য |
|---|---|---|
| **D75 স্পেশাল এডুকেশনের অন্তর্ভুক্তিমূলক (ইনক্লুসিভ) পরিষেবাসমূহ গ্রহণকারী শিক্ষার্থীবৃন্দ** | *অন্তর্ভুক্তি বা ইনক্লুশন শিক্ষার্থীবৃন্দ* | অন্তর্ভুক্তিমূলক (ইনক্লুসিভ) পরিষেবাসমূহের প্রোগ্রাম শিক্ষার্থীর পরিচয়ের মুখ্য অংশ নয়, এটি একটি পরিষেবা যা তারা গ্রহণ করে। অতএব, "শিক্ষার্থীদের" অগ্রভাগে রাখা গুরুত্বপূর্ণ। |
| **ন্যূনতম অ্যাকাডেমিক সহায়তাসহ শিক্ষার্থী গ্রেড স্তরের বিষয় ব্যবহার করতে পারে কিনা, অথবা শিক্ষার্থী মানসম্পন্ন বা বিকল্প মূল্যায়নে অংশগ্রহণ করছে কিনা তা নিয়ে আলোচনা করে।** | *উচ্চ/নিম্ন কার্যক্ষম*<br>*সাধারণভাবে বিকাশ হচ্ছে* | এসব নেতিবাচক পরিভাষা মতামতের উপর ভিত্তি করে এবং ব্যক্তির উপর নির্ভর করে ভিন্ন ভিন্ন হতে পারে। তারা এই বিষয়টি বিবেচনা করে না যে, শিক্ষার্থীরা ভিন্ন ভিন্ন বিষয়ে ভালো হতে পারে, এবং এর পাশাপাশি কিছু কিছু ক্ষেত্রে তারা হিমশিম খেতে পারে। |
| **ক্লাসে অথবা ভিন্ন স্থানে**<br><br>**একটি বিকল্প হিসেবে:**<br>**প্রাইমারি শিক্ষা-নির্দেশনা অথবা সম্পূরক শিক্ষা-নির্দেশনার জন্য** | *পুশ ইন/পুল আউট* | "ক্লাসে" (in class) অথবা "পৃথক স্থানে" (separate location) শব্দ দুটির ব্যবহার আরও ভালো কারণ এতে শিক্ষার্থীরা অনুভব করে না যে তাদেরকে তাদের সহপাঠীদের কাছ থেকে দূরে সরিয়ে নেয়া হচ্ছে অথবা থেরাপিস্টগণ কোনো আগন্তুক। এর পরিবর্তে, এটি দেখায় যে থেরাপিস্টগণ এবং অন্যান্য সহায়তাকারীগণ কমিউনিটির অংশ এবং তারা ক্লাসরুমেরই অংশ। |
| **অধিক বিশেষায়িত বিন্যাস** | *MRE* | আগের পরিভাষাটি মতো, এই পরিভাষাটিও বিধি-নিষেধ থেকে মনোনিবেশ অন্যত্র সরিয়ে এসব বিন্যাসে কী ঘটছে সেদিকে নিয়ে যায়: শিক্ষার্থীরা সাফল্যের জন্য প্রয়োজনীয় বাড়তি সহায়তা লাভ করছে যা কোনো অধিক অন্তর্ভুক্তিমূলক বিন্যাসে কার্যকর নাও হতে পারে। |
| **স্পেশাল ক্লাস*** | *একক-শিক্ষক পরিচালিত (সেলফ্-কন্টেইনড্) ক্লাস** | "একক-শিক্ষক পরিচালিত (সেলফ্-কন্টেইনড্) ক্লাস" পরিভাষাটি দিয়ে মনে হয় যে, এই গ্রুপের শিক্ষার্থীগণের হওয়া দরকার, এবং বস্তুত তারা সম্পূর্ণভাবে তাদের গ্রেড-স্তরের সহপাঠীদের থেকে পৃথক রয়েছে, যা উভয়ই অসত্য এবং একটি অহেতুক পার্থক্য তৈরি করে, যা থেকে ভিন্নতা সৃষ্টি হতে পারে।<br>*<br>*উভয় "বিশেষ ক্লাস (স্পেশাল ক্লাস)" এবং "একক-শিক্ষক পরিচালিত (সেলফ্-কন্টেইনড্) ক্লাস" - এই পরিভাষা দুটো প্রবিধানে এবং IEP-তে ব্যবহৃত হয়, যা পরিবর্তন করা কষ্টসাধ্য করে দেয়, তবে |

| এটি বলুন | এটি নয় | ব্যাখ্যামূলক দ্রষ্টব্য |
|---|---|---|
| | | আমরা বিশ্বাস করি যে, “একক-শিক্ষক পরিচালিত (সেলফ্-কন্টেইনড্) ক্লাস” পরিভাষাটি অত্যন্ত জরুরিভাবে পরিবর্তন করা প্রয়োজন। |
| **অটিস্টিক (আত্মসংবৃত্তি) শিক্ষার্থী, অটিজম্ স্পেকট্রামের (পরিসরের) শিক্ষার্থীবৃন্দ,** | *অটিজমযুক্ত শিক্ষার্থী*, অটিজম্ আক্রান্ত শিক্ষার্থী* | *"অটিজম-যুক্ত শিক্ষার্থী" (স্টুডেন্ট উইথ অটিজম) পরিভাষাটি প্রবিধানগুলোতে ব্যবহৃত হয়। |
| **স্পেশালাইজড্ এডুকেশন প্রোগ্রামসমূহ অথবা প্রোগ্রামসমূহের প্রদান/ব্যবস্থা অথবা IEP-তে সুপারিশকৃত প্রোগ্রামসমূহ** | *প্রোগ্রামের পরিষেবাসমূহ* | 'প্রোগ্রামের পরিষেবাসমূহ' পরিভাষাটি অস্পষ্ট এবং এটি শুধুমাত্র IEP দ্বারা ঐ সুনির্দিষ্ট শিক্ষার্থীই নয়, বরং নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলস্ তার সকল শিক্ষার্থীদের অফারকৃত বিভিন্ন পরিষেবা বোঝাতে পারে। |

## III. সাধারণ পরিভাষাসমূহ

| এটি বলুন | এটি নয় | ব্যাখ্যামূলক দ্রষ্টব্য |
|---|---|---|
| হুইল চেয়ার ব্যবহারকারী শিক্ষার্থী | *হুইলচেয়ার নির্ভর, হুইলচেয়ার আবদ্ধ* | কোনো শিক্ষার্থী যে হুইলচেয়ার ব্যবহার করে, সেটা সে তার চলাফেরায় সহায়তা করার জন্য ব্যবহার করে, সে দিনের একটি বড় অংশ সেটায় বসে কাটাতে পারে, কিন্তু সেটায় সে “আবদ্ধ” (bound) নয়। |
| কথাশক্তিহীন | *নন-ভার্বাল* | |

# রিসোর্স (তথ্য-উপকরণ)

## ইতিবাচক পরিভাষার জন্য উৎসসমূহ

### *IEP-যুক্ত শিক্ষার্থীবৃন্দ অথবা প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীবৃন্দ*

প্রতিবন্ধিতা বিষয়ক অ্যাডভোকেট, বিশেষজ্ঞগণ আপনাকে "বিশেষ চাহিদাসমূহ" (স্পেশাল নিডস্) না বলার জন্য অনুরোধ করছেন।

এমপ্লয়ার অ্যাসিস্ট্যান্স অ্যান্ড রিসোর্স নেটওয়ার্ক ব্যাখ্যা করে যে ব্যক্তি-প্রথম অথবা প্রথম ভাষা শনাক্তকরণ - দুটোই ব্যক্তিগত অগ্রাধিকারপ্রাপ্ত পছন্দের ভিত্তিতে সমভাবে যথাযথ। যখন অনিশ্চিত হবেন, তখন উদ্দিষ্ট ব্যক্তিকে জিজ্ঞেস করুন কোনটি তার পছন্দ।

এই Cerebral Palsy.org (সেরিব্রাল পালসি.অর্গ) -এর লেখাটি বিশেষভাবে ব্যাখ্যা করে কেন আমাদের "স্পেশাল এডুকেশন শিক্ষার্থী" বলা উচিত নয়।

### *বধিরতা বা কানে কম শোনা*

ন্যাশনাল অ্যাসোসিয়েশন অভ ডেফ থেকে এই তথ্য বধির মানুষদের কমিউনিটি এবং সংস্কৃতির গুরুত্ব নিয়ে আলোচনা করেছে। এটি ব্যাখ্যা করে যে, বধির হওয়া এমন কিছু নয় যেটা সংশোধন করতে অথবা সারিয়ে তুলতে হবে, যা একটি "বৈকল্য" (impairment) থেকে মনে হয়। এর পরিবর্তে, বধিরতাকে এমন কিছু হিসেবে দেখা হয় - গর্বের বিষয়, তাদের পরিচিতির একটি গুরুত্বপূর্ণ অংশ। এটি যারা বধির এবং একটি বিশেষ সংস্কৃতি শেয়ার করে তাদের সাথে অন্যদের সংযোগ ঘটানোর একটি উপায়।

### *অটিস্টিক (আত্মসংবৃত্তি) শিক্ষার্থী, অটিজম্ স্পেকট্রামের (পরিসরের) শিক্ষার্থীবৃন্দ*

দ্যা অটিস্টিক সেলফ অ্যাডভোকেসি নেটওয়ার্ক বলে
যে এই পরিস্থিতিতে ব্যক্তি-প্রথম ভাষা ব্যবহারে ফলে মনে হতে পারে যে, অটিজম্ এমন একটি বিষয় যা সারিয়ে তোলা এবং এটি একজন ব্যক্তির পরিচিতি থেকে অপসারণ করা প্রয়োজন। কিন্তু বহু মানুষ অটিজমকে পরিচয়ের একটি অংশ এবং এমন কিছু যে বিষয়ে তারা গর্বিত সেই হিসেবে দেখে। এটা তাদের সত্তা থেকে পৃথক কিছু নয়। এটি তাদের জন্য অন্যদের সাথে যোগ-সাজশ করার এবং একটি বিশেষ সংস্কৃতির অংশ হবার একটি উপায়।

### *হুইল চেয়ার ব্যবহারকারী শিক্ষার্থী*

NIH স্টাইল গাইড বলে যে "অ্যাসিসটিভ টেকনোলজি (সহায়ক প্রযুক্তি) এবং পরিষেবাসমূহ কোনো ব্যক্তিকে সহায়তাদান এবং সুবিধাদানের জন্য, তাকে 'শুদ্ধ' বা সীমাবদ্ধতার প্রতি জোর দেয়ার জন্য নয় হিসেবে চিত্রায়িত হওয়া উচিত।"

### *কথাশক্তিহীন*

গিল্ড ফর হিউম্যান সার্ভিসেস বলে যে কিছু মানুষ "নন-ভার্বাল"-এর পরিবর্তে "নন-স্পিকিং" পরিভাষাটি বেশি পছন্দ করে কারণ "নন-ভার্বাল" থেকে মনে হতে পারে যে এই মানুষেরা কোনো শব্দ একেবারেই ব্যবহার করতে বা বুঝতে পারে না। প্রকৃতপক্ষে তারা শব্দ ব্যবহার করতে এবং বুঝতে পারে, তাদের জন্য শুধু বলা কষ্টসাধ্য হয়।

## নেতিবাচক পরিভাষার জন্য উৎসসমূহ

### *IEP-যুক্ত শিক্ষার্থীবৃন্দ অথবা প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীবৃন্দ*

এই গবেষণা পূর্বানুমান এবং পর্যবেক্ষণ করেছে যে, যেসব ব্যক্তিকে "প্রতিবন্ধী" অথবা "নির্দিষ্ট প্রতিবন্ধিতা" আছে না বলে "বিশেষ চাহিদা" (স্পেশাল নিডস্) আছে বলে আখ্যায়িত করা হয়, তাদেরকে অধিক নেতিবাচকভাবে দেখা হয়, যা থেকে বোঝা যায় যে 'বিশেষ চাহিদা' একটি অকার্যকর কোমল পরিভাষা।

### *সর্বাধিক অন্তর্ভুক্তিমূলক পরিবেশ*

ফেডারেল সরকার সর্বনিম্ন বিধি-নিষেধ আরোপিত পরিবেশ (লীস্ট রেস্ট্রিকটিভ এনভায়রনমেন্ট, LRE) সংজ্ঞায়িত করে এমন একটি উপায়ে যা প্রতিটি শিক্ষার্থীর চাহিদার সাথে সম্পর্কিত এবং পরিভাষাটির কথপোকথনে ব্যবহৃত স্থিত ও আক্ষরিক প্রয়োগ থেকে ভিন্ন।

### *আবেগজনিত প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থী*

এই চকবিট-এর লেখাটি 'আবেগজনিত ভাবে বিশৃঙ্খল" (ইমোশোনাল ডিস্টারবেন্স) আখ্যাটির উপর অ্যাডভোকেট এবং স্বার্থসংশ্লিষ্টদের দৃষ্টিভঙ্গি তুলে ধরেছে, এবং উল্লেখ করে যে এই শ্রেণিকরণ "নির্দিষ্ট কিছু আচরণগত পার্থক্য দ্বারা শিক্ষার্থীদের কলঙ্কিত করে এবং শেতাঙ্গ ভিন্ন অন্য বর্ণের শিক্ষার্থীদের উপর অসামঞ্জস্যভাবে প্রয়োগ করা হয়।"